



# ঢাকা পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ

ব্যবস্থাপনা পরিচালকের কার্যালয়



উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.১১৩.১০৩.০০.০০.০৮৪.২০১৭/২৬১

তারিখঃ ১৯/০৩/২০২৩

## প্রেস বিজ্ঞপ্তি

এটিএম কার্ডে বিশুদ্ধ পানি সেবা  
ইউএস স্টেট ডিপার্টমেন্ট অ্যাওয়ার্ড ফর কোর্পোরেট এক্সেলেন্স  
পেয়েছে ড্রিংকওয়েল



১৯ মার্চ ২০২৩ তারিখ সকাল ১০ ঘটিকায় ওয়াসা ভবনের ৪র্থ তলার বুড়িগঙ্গা হলে 'ইউএস স্টেট ডিপার্টমেন্ট অ্যাওয়ার্ড ফর কোর্পোরেট এক্সেলেন্স হ্যান্ডওভার' শীর্ষক একটি মনোজ্ঞ অনুষ্ঠানের আয়োজন করে যৌথভাবে ঢাকা ওয়াসা ও ড্রিংক-অয়েল। স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব তাজুল ইসলাম এম.পি এই মর্যাদাপূর্ণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। বাংলাদেশস্থ ইউএস এম্বেসীর রাষ্ট্রদূত হিজ এম্বিলেসি মি. পিটার হাস ও স্থানীয় সরকার বিভাগের সন্মানিত সচিব জনাব মুহাম্মদ ইব্রাহীম অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ঢাকা ওয়াসার ব্যবস্থাপনা পরিচালক ও সিইও প্রকৌশলী তাকসিম এ খান।

প্রধান অতিথির বক্তব্যে স্থানীয় সরকার মন্ত্রী জনাব তাজুল ইসলাম ঢাকা ওয়াসার বর্তমান ব্যবস্থাপনা কর্তৃপক্ষের ভূয়সী প্রশংসা করেন এবং ড্রিংকওয়েল এর মাধ্যমে সাধারণ মানুষ তথা নিম্ন আয়ের জনগোষ্ঠী সহ সবার জন্য এটিএম বুথ এর মাধ্যমে স্বল্প মূল্যে বিশুদ্ধ পানি সরবরাহ নিশ্চিত করায় সংশ্লিষ্ট সকলকে অভিনন্দন জানান। সেই সাথে বর্তমান সরকার সাধারণ মানুষের বৈধ সকল অধিকার পূরণে অঙ্গীকারাবদ্ধ বলে তিনি তাঁর বক্তব্যে উল্লেখ করেন।




বিশেষ অতিথির বক্তব্যে ইউএস এম্বাসেডর পিটার হাস ক্লাইমেট রিসাইলেন্স ক্যাটাগরিতে 'ইউএস স্টেট ডিপার্টমেন্ট অ্যাওয়ার্ড ফর কোর্পোরেট এক্সেলেন্স ২০২২' প্রাপ্তিতে ড্রিংকওয়েল কে অভিনন্দন জানান। তিনি বলেন যুক্তরাষ্ট্র এটা দেখে খুবই আনন্দিত যে ইউএস ইনভেস্টমেন্ট ও ইউএস বিজনেস ও ইনোভেশন সারা পৃথিবীব্যাপী বিস্তার লাভ করছে এবং তা মানুষের জীবন মান উন্নতিতে অবদান রাখছে।

স্থানীয় সরকার সচিব জনাব মুহাম্মদ ইব্রাহিম তাঁর বক্তব্যে ইউএস স্টেট ডিপার্টমেন্ট থেকে এ পুরস্কার অর্জন করায় ড্রিংকওয়েল কে অভিনন্দন জানান।

ঢাকা ওয়াসা ব্যবস্থাপনা পরিচালক ও সিইও প্রকৌশলী তাকসিম এ খান বলেন, ঢাকা ওয়াসা পানি সরবরাহ ব্যবস্থাপনায় বর্তমানে প্রভূত উন্নতি সাধন করেছে, যা তাকে সাউথ এশিয়ার মধ্যে বেস্ট ওয়াটার ইউটিলিটি হিসেবে স্বীকৃতি এনে দিয়েছে। ড্রিংকওয়েল কর্তৃক ওয়াটার এটিএম সেবা এবং আজকের এই অ্যাওয়ার্ড প্রাপ্তি সেই উন্নতির অন্যতম মাইলফলক।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন ঢাকা ওয়াসার উপ-ব্যবস্থাপনা পরিচালক (ও এ্যান্ড এম) এ.কে.এম শহিদউদ্দিন। এছাড়া বক্তব্য রাখেন ড্রিংকওয়েল এর সিইও মিনহাজ চৌধুরী। অনুষ্ঠানে ভোট অব থ্যাংকস প্রদান করেন এভারেস্ট জয়ী প্রথম বাংলাদেশী নারী ও ঢাকা ওয়াসার প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা নিশাত মজুমদার। অনুষ্ঠানে ভিডিও প্রেজেন্টেশনের মাধ্যমে ড্রিংকওয়েল এর কার্যক্রম তুলে ধরা হয়।

  
২২/৩/২০২৩

এ. এম. মোস্তফা তারেক  
উপ-প্রধান জনতথ্য কর্মকর্তা  
ঢাকা ওয়াসা।